# Times Today BD

ডেস্ক রিপোর্ট | বাংলাদেশ | 13 May, 2025

কোকোকোলা ইসরায়েলের পণ্য না ডিমপির এমন সার্কুলার চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট দায়ের করা হয়েছে।সকালে হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় এ রিটটি দায়ের করেন অধস্তন আদালতের আইনজীবী এস এম জুবায়ের।

পরে তার পক্ষে আইনজীবী মোকাররামুছ সাকলান বলেন, গত ১২ এপ্রিল অদ্ভুত এক সার্কুলার জারি করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ। যেখানে লেখা হয়েছে, 'বিশেষ দৃষ্টি আকর্ষণ-পূর্বক জানানো যাচ্ছে যে, বিগত কয়েকদিন যাবত ইসরায়েলি পণ্য বর্জনের নামে দুষ্কৃতিকারীরা দেশের বিভিন্ন মহানগরী ও জেলায় কোকাকোলার বিপণন ব্যবস্থা, সংরক্ষণের কাজে ব্যবহৃত ফ্রিজ (□□□□□□), আউটলেট, ডিস্ট্রিবিউশন ভ্যানে ভাংচুর করেছে।প্রকৃতপক্ষে বাংলাদেশে বাজারজাত করা কোকো-কোলা কোন ইসরায়েলি পণ্য নয়।বাংলাদেশে কোকা-কোলার উৎপাদন, সরবরাহ ও বিপণন এর মূল প্রতিষ্ঠান □□□□□□□ বেভারেজ কোম্পানি '□□□□-□□□□ □□□□□□'।

সার্কুলারে আরও বলা হয়, 'এমতাবস্থায়, কোকা-কোলার যে কোন প্রতিষ্ঠানে আপনার জেলা/ইউনিটে সংঘটিত ভাংচুরের সব ঘটনায় প্রচলিত আইনে অবিলম্বে মামলা রুজু ও আসামী গ্রেপ্তারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।'

আইনজীবী মোকাররামুছ সাকলান বলেন, দুষ্কৃতকারীরা ভাংচুর করছে এতে তারাও প্রতিবাদ করেন।কিন্তু নির্দিষ্ট একটি পণ্যকে এভাবে সার্টিফিকেট দেয়াটা কতটা যুক্তিযুক্ত।

চলতি সপ্তাহেই হাইকোর্টের একটি দ্বৈত বেঞ্চে এর শুনানি হবে বলেও জানান তিনি।

হাইকোর্ট কোকোকোলা আইন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 23:34

URL: https://timestodaybd.com/bangladesh/2403423238